



# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: [www.nmst.gov.bd](http://www.nmst.gov.bd)



নং: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২২- ৪০০

তারিখ: ০৪/০৪/২০২২ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতের আওতায় নিম্নোক্ত শূন্য পদগুলোতে অস্থায়ীভাবে লোক নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না
১	সহকারী কিউরেটর (অস্থায়ী)	৩	অনুর্ধ্ব ৩০ বৎসর	টাকা ২২০০০-৫৩০৬০/-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ, ফলিত পদার্থ, কম্পিউটার, ফলিত রসায়ন, উদ্ভিদ বা প্রাণী বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা যান্ত্রিক, বৈদ্যুতিক বা কম্পিউটার প্রকৌশলে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী: (কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়)	
২	মিউজিয়াম এ্যাটেনডেন্ট	১	অনুর্ধ্ব ৩০ বৎসর	টাকা ৮৮০০-২১৩১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	রাজবাড়ী, জয়পুরহাট, যশোর ও কুষ্টিয়া
৩	গ্যালারী গার্ড	১	অনুর্ধ্ব ৩০ বৎসর	টাকা ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুষ্ঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	ঢাকা, গাজীপুর, ফরিদপুর, টাঙ্গাইল, গোপালগঞ্জ, শেরপুর, খুলনা, চাঁদপুর, বাঙ্গলাবাড়িয়া, বরিশাল, পটুয়াখালী, কুড়িগ্রাম ও গাইবান্ধা
৪	অফিস সহায়ক	১	অনুর্ধ্ব ৩০ বৎসর	টাকা ৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুষ্ঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে।	

### আবেদনের শর্তাবলী:

- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ২৫/০৪/২০২২ খ্রিস্টাব্দ।
- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ২৫/০৪/২০২২ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- সরকার নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের website: [www.nmst.gov.bd](http://www.nmst.gov.bd) থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: [www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রয়োজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫" x ৪" পরিমাপের একটি ফেরত খাম দিতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ০৪/০৪/২০২২ খ্রি: তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের বয়স ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের বেলায় এফিডেবিট গ্রহণযোগ্য নহে। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
- এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।
- সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এছাড়া ৫ সে.মি. x ৫ সে.মি. আকারের ৩(তিন) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষায় সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, কোটা সনদ বা প্রমাণক, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

(মোহাম্মাদ মুনীর চৌধুরী)  
মহাপরিচালক

### বিতরণ:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের একান্ত সচিব, জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রোগ্রামার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। বিজ্ঞাপন ম্যানেজার, New Age, Hamid Plaza (4th floor), 300/5/A/1, Bir Uttam CR Datta Road, Hatirpool, Dhaka-1205 (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ দিনের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। বিজ্ঞাপন ম্যানেজার, বাংলাদেশ প্রতিদিন, প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা (৪ কলাম ৮ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ দিনের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।